গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**ঢাকা**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ / ২২ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-৪১-আইন/২০২৫/২৭৭-মূসক।**—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ এবং ধারা ১২৭খ এর সহিত পঠিতব্য এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (২) এর ছকের কলাম (১) এ উল্লিখিত—

(ক) ক্রমিক নং ০১ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“

| | | | |
|---|---|---|---|
| ০১. | S০০১.১০ | এসি হোটেল | ১৫% |
| | S০০১.১০ | নন এসি হোটেল | ১০% |
| | S০০১.২০ | রেস্তোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত) | ৫% |

”; এবং

(খ) ক্রমিক নং ০৩ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“

| | | | |
|---|---|---|---|
| ০৩. | S০০৩.১০ | মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ | ১০% |

”।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd